গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৩৩১/২০১৩- ১১৫৫ তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩১ / ০৮ ডিসেম্বর ২০২৪

**বিষয়: লাইসেন্স বিহীন ভুয়া ট্রাভেলস এজেন্সি "আকবর হজ গ্রুপ, বাংলাদেশ" এবং "আকবর ট্রাভেল ইন্টারন্যাশনাল" এর প্রতারণার বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, "আকবর হজ গ্রুপ, বাংলাদেশ" এবং "আকবর ট্রাভেল ইন্টারন্যাশনাল" ফেসবুক পেজ খুলে হজযাত্রী সংগ্রহের জন্য নানা ধরনের বিজ্ঞাপন ও ভিডিও প্রচার করে নিরীহ হজযাত্রীদের প্রতারিত করছে। হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন-২০২১ এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা ২০২২ এ একাধিক এজেন্সি একত্রিত হয়ে হজ গ্রুপ নামে কোন গ্রুপ গঠনের সুযোগ নেই।

০২। আকবর হজ গ্রুপ নামক একটি এজেন্সি-কে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন দেয়া হলেও উক্ত এজেন্সির নানা অনিয়মের কারণে বর্তমানে এজেন্সির কার্যক্রম বন্ধ রয়েছে। আকবর হজ গ্রুপ ২০২৫ সনের হজে বৈধ হজ এজেন্সির তালিকাভুক্ত না থেকেও "আকবর হজ গ্রুপ, বাংলাদেশ" এবং "আকবর ট্রাভেল ইন্টারন্যাশনাল" নামে অবৈধভাবে গ্রুপ খুলে ৫ লাখ ৩ হাজার টাকায় হারাম শরীফ হতে মাত্র ৭০০ মিটার দূরে হোটেলে রাখার প্রতিশ্রুতি দিয়ে হজযাত্রী সংগ্রহের জন্য প্রচারণা চালাচ্ছে। "ফাইনাল নিবন্ধন করলেই নিশ্চিত ২০ হাজার টাকা ক্যাশব্যাক" লিখে এবং উন্নতমানের সেবা প্রদানের প্রতিশ্রুতির বিজ্ঞাপন দিয়ে হজযাত্রীদের সাথে প্রতারণা করছে। নিবন্ধনের জন্য সারাদেশে প্রতিনিধি নিয়োগ দিয়েছে এবং এ গ্রুপে একাধিক হজ এজেন্সিও গোপনে কার্যক্রম চালাচ্ছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। আকবর হজ গ্রুপ নামের হজ এজেন্সির লাইসেন্স সচল না থাকা সত্ত্বেও "আকবর হজ গ্রুপ, বাংলাদেশ" নাম দিয়ে গালফ টাওয়ার, ৩০ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা ঠিকানায় অফিস খুলে কার্যক্রম চালাচ্ছে। গ্রুপটি এ কাজে অনলাইন প্রযুক্তি ব্যবহার করছে। এধরনের গ্রুপের কার্যক্রম সম্পূর্ণ অবৈধ বিধায় এদের কার্যক্রম ও অফিস বন্ধ করা একান্ত প্রয়োজন। অন্যথায় হজের নামে বড় ধরনের প্রতারণার ঘটনা ঘটবে।

০৩। বর্ণিতাবস্থায়, "আকবর হজ গ্রুপ, বাংলাদেশ" এবং "আকবর ট্রাভেল ইন্টারন্যাশনাল" এর বিরুদ্ধে গালফ টাওয়ার, ৩০ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা ঠিকানায় অফিস বন্ধ করাসহ উক্ত গ্রুপের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ২ পাতা।

(মো: রফিকুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৮৫১
e-mail-morahajsection@gmail.com

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৩৩১/২০১৩- ১১৫৫ তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩১ / ০৮ ডিসেম্বর ২০২৪


অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
২. মহাপরিচালক, ডিজিএফআই, ঢাকা
৩. মহাপরিচালক, এনএসআই, ঢাকা
৪. মহাপরিচালক, র‍্যাপিড একশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৫. উপদেষ্টার একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিনিয়র তথ্য অফিসার,ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. অফিস কপি।

(মো: রফিকুল ইসলাম)
উপসচিব

9:45

আকবর ট্রাভেলস ইন্টারন্যাশনাল
Sponsored ·




WHATSAPP
ফাইনাল নিবন্ধন করলেই নিশ্চিত ২০ হাজার টাকা ক্যাশব্যাক

WhatsApp

Like Comment Share

Azad Khan and 1K others

42 shares

Most relevant

Sumon Mollah
Good
2d Like Reply

Elena Jannat
মাশাআল্লাহ আলহামদুলিল্লাহ
1d Like Reply 1

Comment as Nasrullah Irfan

2:53

আকবর ট্রাভেলস ইন্টারন্যাশনাল
Sponsored ·

✴ হেরেম শরীফের ৭০০ মিটারের মধ্যে ৩/৪ স্টার মানের হোটেলে অবস্থান করে পবিত্র হজ্জ আদায় করুন মাত্র ৫ লাখ ২৩ হাজারে !!

আমাদের এই প্যাকেজটির বিস্তারিত বিবরণ তুলে ধরছি !

⚫ হজ্জের ফ্লাইট হবে বাংলাদেশে থেকে হজ্জের আগ মূহূর্তে ।

🏠 প্রথমে হাজিসাহেবগণ হজ্জ সহজ ও সাশ্রয়ী করার জন্য মিনার কাছকাছি হোটেলে হজ্জের ৩ দিন পূর্বে ও পরে অবস্থান করবেন ।

🏠 হজ্জের ৩ দিন পর হেরেম শরীফের ৭০০ মিটারের মধ্যে ৩/৪ স্টার মানের হোটেলে অবস্থান করবেন যেখানে থেকে ৫ ওয়াক্ত নামাজ হেরেম শরীফে আদায় করতে পারবেন । মক্কায় অবস্থান হবে ২০/২২ দিন ।

✴ আমাদের সেবা সমূহ

✔ মক্কায় ৩/ ৪ স্টার মানের হোটেল/মদীনায় মসজিদে বিলালের পাশে উন্নত বাসা বা হোটেল
✔ মক্কায় খাবার ডইনিয়ে পরিবেশন করা হবে /মদীনায় মিনায়, প্যাকেট আকারে খাবার পরিবেশন করানো হবে
✔ মুয়াল্লিম গাইড
✔ মক্কা মদীনার সকল ট্রান্সপোর্ট ও জিয়ারাহ সুবিধা
✔ ৩ বেলা উন্নত খাবারের ব্যবস্থা
✔ ফ্লাইট বাংলাদেশে থেকে সরাসরি জেদ্দা - সৌদি এয়ারলাইন্স বা বাংলাদেশ বিমানে মক্কা- আসার সময় জেদ্দা বা মদীনা থেকে ফ্লাইট হবে

✔ কেন আমাদের সাথে হজে যাবেন ?

☑ দেশের বড় হজ্জ কাফেলায় যুক্ত হওয়ার সুযোগ
☑ নিরাপত্তার নিশ্চয়তা
☑ লেনদেনের নিশ্চয়তা
☑ ঝামেলা মুক্ত সম্পূর্ণ সফর

Comment as Nasrullah Irfan

10:06

# About

## Category

Travel agent

## Contact info

Gulf Tower, 30 Naya Paltan VIP Road
Dhaka, Dhaka, Bangladesh
Address

01730-285578
Mobile

akbartravelsint@gmail.com
Email

http://www.akbartravelsint.com/
Website

## Basic info

Not yet rated (0 reviews)
Public

## Page transparency

See all

Facebook is showing information to help you understand the purpose of this Page.

444017152136941
Page ID

4 November
Creation date